শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব ১০০

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ISO 9001, ISO 14001& ISO 45001 Certified

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**
**BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD**

সচিবালয়, পলিসি শাখা
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
নিকুঞ্জ-২, জোয়ার সাহারা,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন : ০২-৮৯০০৩১৫
ই-মেইল: secyreb@gmail.com
ওয়েব সাইট: www.reb.gov.bd

স্মারক নং-২৭.১২.০০০০.০৩০.১০৭.০০৩.২১. ২১৭

তারিখঃ ১৪ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** মুজিববর্ষ সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভার সিদ্ধান্ত প্রসঙ্গে।

গত ২৫-০১-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর নির্বাহী কমিটির ০৩/২০২১তম সভায় গৃহীত সিদ্ধান্ত নং-০৪/০৩/২০২১ মোতাবেক বাপবিবো এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতিতে মুজিববর্ষ সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটি"** সহ কাজের ধরণ বিবেচনায় নিয়ে ১১টি উপ-কমিটি অর্থাৎ মোট ১২টি কমিটি/উপ-কমিটি গঠন করা হয়। উপ-কমিটিসমূহের কার্যপরিধি মোতাবেক গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি ২১/০৪/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় উপস্থাপন করা হলে এতদবিষয়ে বিস্তারিত পর্যালোচনার পর গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

**(১) শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপ-কমিটিঃ**

শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপ-কমিটির আহ্বায়ক কার্যপরিধির বিপরীতে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় উপস্থাপন করলে এতদবিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

(ক) বাপবিবোর্ডের আওতাধীন অফগ্রিড এলাকাভূক্ত ১০৫৯টি গ্রামে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে জুন-২০২১ খ্রিঃ এর মধ্যে সকল প্রকল্পের কার্যক্রম আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। এছাড়াও উক্ত গ্রামসমূহে ২,৫০,০০০ গ্রাহকের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত সকল কার্যাদি সম্পন্ন করতে হবে। **সদস্য (বিতরণ ও পরিচালন), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রধান প্রকৌশলী (প্রকল্প) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(খ) নদীর ক্রসিং পয়েন্টে ক্ষতিগ্রস্থ সাবমেরিন ক্যাবল মেরামত/রক্ষণাবেক্ষণ কাজে বাপবিবো কর্তৃক যে টিম স্পটে পাঠানো হয়েছে তাঁরা এ সম্পর্কিত সকল কার্যক্রম সম্পন্ন করে ঢাকায় প্রত্যাবর্তন করবেন এবং সার্বিক বিষয়ে **সদস্য (বিতরণ ও পরিচালন)** বরাবর রিপোর্ট দাখিল করবেন। **সদস্য (বিতরণ ও পরিচালন), প্রধান প্রকৌশলী (প্রকল্প), পরিচালক (এসইএন্ডডি) এবং পরিচালক (কারিগরী), প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(গ) অফগ্রিড এলাকাভূক্ত ১০৫৯টি গ্রামে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে জুন-২০২১ খ্রিঃ এর মধ্যে যে সকল প্রকল্পের কার্যক্রম সম্পন্ন হবে সে সকল প্রকল্পের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে **পরিচালক (কারিগরী), প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর** একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রস্তুতপূর্বক অতিসত্বর চেয়ারম্যান, বাপবিবো মহোদয় বরাবর দাখিল করবেন। **সদস্য (বিতরণ ও পরিচালন), প্রধান প্রকৌশলী (প্রকল্প) এবং পরিচালক (কারিগরী), প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(ঘ) বিদ্যুতের অপচয় রোধে সমগ্র দেশব্যাপী প্রি-পেইড মিটার কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নিম্নবর্ণিত ডিপিপি/ পিডিপিপি প্রণয়নসহ যথাসম্ভব দ্রুত অনুমোদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

(১) আরইবি/সমিতির অর্থায়নে ৫ (পাঁচ) লক্ষ স্মার্ট প্রি-পেইড মিটার (সিস্টেমসহ) স্থাপন প্রকল্পের ডিপিপি।

(২) জিওবি ও আরইবির অর্থায়নে ৩১ (একত্রিশ) লক্ষ স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপন প্রকল্পের ডিপিপি।

(৩) G2G এর আওতায় ৫০ (পঞ্চাশ) লক্ষ স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপন প্রকল্পের পিডিপিপি।

**পরিচালক, কার্যক্রম পরিকল্পনা পরিদপ্তর এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**সদস্য (বিতরণ ও পরিচালন), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান প্রকৌশলী (প্রকল্প), পরিচালক (এসইএন্ডডি), পরিচালক (কার্যক্রম পরিকল্পনা) এবং পরিচালক (কারিগরী), প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর এতদবিষয়ে স্ব-স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**(২) উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপ-কমিটিঃ**

উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকাড সংক্রান্ত উপ-কমিটির সদস্য-সচিব কার্যপরিধির বিপরীতে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় উপস্থাপন করলে এতদবিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

(ক) স্মারক নং-২৭.১২.০০০০.০৩০.১০৭.০০২.২১.১৮০, তারিখঃ ১৬/০৩/২০২১খ্রিঃ মাধ্যমে গত ১৫/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত মুজিববর্ষ সংক্রান্ত **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার (**"বঙ্গবন্ধু পুরস্কার", "বঙ্গবন্ধু Service Excellence Award", "সেরা গ্রাহক নির্বাচন" এবং "ইনোভেশন প্রতিযোগিতা"**) প্রদান সংক্রান্ত যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে তা ৩১ জুলাই' ২০২১ এর মধ্যে সম্পন্নের লক্ষ্যে বাপবিবো ও ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতিতে প্রয়োজনীয় কমিটি গঠন, পুরস্কারের সনদ/ক্রেস্টের নমুনা তৈরীসহ অন্যান্য কার্যাদি অতিসত্ত্বর শুরু করতে হবে এবং মনিটরিং চলমান রাখতে হবে। **সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) এতদবিষয়ে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(খ) মে' ২০২১ এর মধ্যে বাপবিবো এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির স্টোরে রক্ষিত কনডেমকৃত মালামাল অপসারণ করতে হবে। **সদস্য (প্রশাসন), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক) এবং পরিচালক (সিএসএন্ডএম) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(গ) বাপবিবো এর সদর দপ্তরসহ অন্যান্য অফিস, ওএন্ডএম কমপ্লেক্স, ওয়্যার হাউজ এবং ৮০টি সমিতির সৌন্দর্য বর্ধণের জন্য **সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) এবং সদস্য (সমিতি ব্যবস্থাপনা)** সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। এছাড়াও প্রতিটি অফিস তাদের সৌন্দর্য বর্ধণের ছবি প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে বাপবিবো এর উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপ-কমিটির নিকট প্রেরণ করবেন। এর ভিত্তিতে উক্ত কমিটি কর্তৃক সৌন্দর্য বর্ধণের জন্য সেরা তিনটি (বাপবিবো/সমিতি) অফিসকে পুরস্কৃত করা হবে এবং তা বাপবিবো ও সমিতির ওয়েবসাইটে প্রকাশ করা হবে। **সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), সদস্য (সমিতি ব্যবস্থাপনা), নির্বাহী পরিচালক এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(ঘ) বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে বাপবিবো কর্তৃক মুজিববর্ষব্যাপী ১০ (দশ) হাজার বেকার জনগোষ্ঠিকে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত যে কার্যক্রম চলমান রয়েছে তা আরও জোরদার করতে হবে। **পরিচালক (প্রশিক্ষণ), প্রকল্প পরিচালক (গ্রামীন জীবনমান উন্নয়নে বিদ্যুৎ শক্তি প্রকল্প) এবং প্রকল্প পরিচালক (সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ প্রকল্প) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**সদস্য (প্রশাসন), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), সদস্য (সমিতি ব্যবস্থাপনা), নির্বাহী পরিচালক, পরিচালক (প্রশিক্ষণ), পরিচালক (সিএসএন্ডএম), পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক), সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি), প্রকল্প পরিচালক (গ্রামীন জীবনমান উন্নয়নে বিদ্যুৎ শক্তি প্রকল্প) এবং প্রকল্প পরিচালক (সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ প্রকল্প) এতদবিষয়ে স্ব-স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**(৩) আমার গ্রাম-আমার শহর কার্যক্রম বাস্তবায়ন এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ সংক্রান্ত উপ-কমিটিঃ**

আমার গ্রাম-আমার শহর কার্যক্রম বাস্তবায়ন এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ সংক্রান্ত উপ-কমিটির আহ্বায়ক কার্যপরিধির বিপরীতে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় উপস্থাপন করলে এতদবিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

(ক) আমার গ্রাম-আমার শহর কার্যক্রম বাস্তবায়ন এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে সমিতি কর্তৃক নির্বাচিত আদর্শ গ্রামে নির্ধারিত সূচকে (পূর্বের অবস্থা, বর্তমান অবস্থা এবং বৃদ্ধি/পরিবর্তন) তুলনামূলক চিত্র তুলে ধরে যে তিনটি বোর্ড স্থাপন করা হয়েছে ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক উক্ত বোর্ডসমূহের ছবি তুলে সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করবেন। নমুনা অনুযায়ী উক্ত বোর্ড স্থাপন যথাযথ হয়েছে কিনা পরবর্তীতে কমিটি তা যাচাই বাছাই করে দেখবেন এবং এ ক্ষেত্রে সমিতিসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

চলমান পাতা-০৩

(খ) নির্বাচিত ৮০টি মডেল গ্রামে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে ডুয়েল/ট্রিপল সোর্সের মাধ্যমে বিদ্যুৎ সেবা প্রদানসহ রাইট-অব-ওয়ে সমস্যা সমাধান, গাছপালা বেষ্টিত লাইন কভারকরণ ও অন্যান্য কার্যক্রম অতিসত্ত্বর সম্পন্ন করতে হবে।

(গ) নির্বাচিত মডেল গ্রামসমূহে গ্রোথ সেন্টার, গ্রাম্য হাট-বাজার এবং সেন্টার ফর এ্যাসেম্বলিতে স্ট্রিট লাইটের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত নির্দেশনা সমিতি কর্তৃক জরুরি ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। সংশ্লিষ্ট কমিটি এতদবিষয়ে সমিতিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন এবং সার্বিক বিষয়টি মনিটরিং করবেন।

(ঘ) মুজিববর্ষ উপলক্ষ্যে গঠিত উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপ-কমিটি কর্তৃক বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার (**"বঙ্গবন্ধু পুরস্কার", "বঙ্গবন্ধু Service Excellence Award", "সেরা গ্রাহক নির্বাচন" এবং "ইনোভেশন প্রতিযোগিতা"**) প্রদানের বিষয়ে সকল কার্যাদি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করবেন।

**সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), নির্বাহী পরিচালক, প্রকল্প পরিচালক (১.৫ এমসিসিপি) এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**(৪) গ্রাহক সেবার মানোন্নয়ন এবং গ্রাহক সন্তুষ্টি জরিপ সংক্রান্ত উপ-কমিটিঃ**

গ্রাহক সেবার মানোন্নয়ন এবং গ্রাহক সন্তুষ্টি জরিপ সংক্রান্ত উপ-কমিটির সদস্য সচিব কার্যপরিধির বিপরীতে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় উপস্থাপন করলে এতদবিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

(ক) রমজান মাসে যাতে কোন ধরনের বিদ্যুৎ বিভ্রাট না হয় সে বিষয়ে **সদস্য (সমিতি ব্যবস্থাপনা)** ৮০টি সমিতিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। তথাপিও কোন অনাকাঙ্খিত কারণে বিদ্যুৎ বিভ্রাট সৃষ্টি হলে দ্রুততম সময়ের মধ্যে তা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এবং নির্বাহী পরিচালক এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(খ) গ্রাহক যাতে কোন অবস্থাতেই বিদ্যুৎ বিহীন না থাকে সে লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে গ্রাহক অভিযোগ নিষ্পত্তিকরণ এবং সমিতি মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।

**সদস্য (সমিতি ব্যবস্থাপনা), নির্বাহী পরিচালক এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ/উঃঅঃ/দঃঅঃ/পূঃঅঃ/পঃঅঃ) এতদবিষয়ে স্ব-স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**(৫) মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে সেমিনার ও প্রকাশনা প্রকাশ সংক্রান্ত উপ-কমিটিঃ**

মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে সেমিনার ও প্রকাশনা প্রকাশ সংক্রান্ত উপ-কমিটির আহ্বায়ক কার্যপরিধির বিপরীতে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় উপস্থাপন করলে এতদবিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে বাপবিবো কর্তৃক বই প্রকাশের লক্ষ্যে বিষয়ভিত্তিক প্রয়োজনীয় সংখ্যক মানসম্পন্ন লেখা নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহের জন্য যথাযথ নির্দেশনাসহ বাপবিবো এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি হতে লেখা আহ্বান করতে হবে।

**সদস্য (অর্থ) এবং পরিচালক (জনসংযোগ) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**(৬ও৭) ভিডিও ক্লিপ/এ্যানিমেশন/মুজিব কর্ণার এবং ডিজিটাল ডিসপ্লে বোর্ড ও বঙ্গানুবাদ সংক্রান্ত উপ-কমিটিঃ**

ভিডিও ক্লিপ/এ্যানিমেশন/মুজিব কর্ণার এবং ডিজিটাল ডিসপ্লে বোর্ড ও বঙ্গানুবাদ সংক্রান্ত উপ-কমিটির আহ্বায়ক কার্যপরিধির বিপরীতে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় উপস্থাপন করলে এতদবিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

(ক) বিটিভির মাধ্যমে **"বঙ্গবন্ধু হতে বঙ্গবন্ধু কন্যা"র** উপর ২/৩মিনিটের একটি ভিডিও ক্লিপ তৈরী করার বিষয়ে **পরিচালক (জনসংযোগ)** বিটিভির সাথে যোগাযোগ অব্যাহত রাখবেন।

(খ) ঝড়-বৃষ্টি ও বজ্রপাতের সময় বাপবিবো এবং ৮০টি সমিতির সদর দপ্তরে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে বোর্ড বন্ধ রাখতে হবে। এ বিষয়ে **নির্বাহী পরিচালক এবং পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক)** সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ নিয়মিত মনিটরিং করবেন।

(গ) বিভিন্ন রাষ্ট্রীয়/জাতীয় ইস্যু এবং বিশেষ দিবসে বাপবিবো/সমিতির ডিজিটাল স্ক্রল বোর্ডে নির্দিষ্ট সময়ের জন্য সামঞ্জস্যপূর্ণ বাণী প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। **পরিচালক (জনসংযোগ) এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(ঘ) পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে অফগ্রিডভূক্ত এলাকায় বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজ চলমান রয়েছে। অফগ্রিডভূক্ত এলাকার উক্ত লাইন নির্মাণের ভিডিও এবং স্থিরচিত্র ধারনের জন্য **প্রধান প্রকৌশলী (প্রকল্প) মহোদয় সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, {পরিচালক (কারিগরী), প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর} এবং জেনারেল ম্যানেজারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।** এছাড়াও ভিডিও/স্থিরচিত্রে অবশ্যই সার্বিক কার্যক্রমকে ফুটিয়ে তুলতে হবে। লাইন নির্মাণের ধারনকৃত উক্ত ভিডিও/স্থিরচিত্র সংরক্ষণ এবং ভিডিও ক্লিপ তৈরীর কাজে ব্যবহারের জন্য **পরিচালক (জনসংযোগ) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি)** বরাবর প্রেরণ করতে হবে। **প্রধান প্রকৌশলী (প্রকল্প), পরিচালক (জনসংযোগ) এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(ঙ) বাপবিবো এর সার্বিক কার্যক্রমের উপর ইতোপূর্বে বিটিভি কর্তৃক ১৭ মিনিটের যে ভিডিও ক্লিপ তৈরী করা হয়েছে আইসিটি পরিদপ্তর কর্তৃক তা এডিট করে ২-৩মিনিটের একটি ভিডিও ক্লিপ তৈরী করতে হবে এবং উক্ত ভিডিও ক্লিপে অফগ্রিড এলাকার বিদ্যুতায়ন কার্যক্রমের ভিডিও সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে **সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) উর্ধ্বতন কর্তৃপক্ষকে ভিডিও Content** দেখিয়ে নিবেন। **পরিচালক (জনসংযোগ) এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**প্রধান প্রকৌশলী (প্রকল্প), নির্বাহী পরিচালক, পরিচালক (জনসংযোগ), পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক), সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) এবং পরিচালক (কারিগরী), প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর এতদবিষয়ে স্ব-স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**(৮) <u>সমিতির আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাসকরণ সংক্রান্ত উপ-কমিটিঃ</u>**

সমিতির আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাসকরণ সংক্রান্ত উপ-কমিটির সদস্য-সচিব কার্যপরিধির বিপরীতে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় উপস্থাপন করলে এতদবিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

(ক) ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির মধ্যে বর্তমানে যে ১৯টি পল্লী বিদ্যুৎ সমিতি লাভজনক পর্যায়ে রয়েছে তা ধরে রাখাসহ লাভজনক হওয়ার সম্ভাবনা রয়েছে এমন কমপক্ষে ৪টি সমিতি যাতে জুন' ২০২১ এর মধ্যে লাভজনক পর্যায়ে পৌছাতে পারে সে লক্ষ্যে উক্ত ২৩টি পল্লী বিদ্যুৎ সমিতিকে **সংশ্লিষ্ট কমিটি** কর্তৃক নিয়মিত মনিটরিংসহ সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবেন। এছাড়াও যে ৫৭টি সমিতি বর্তমানে লোকসানে রয়েছে তারা কিভাবে লাভজনক পর্যায়ে উন্নীত/লোকসান কমিয়ে আনতে পারে সে বিষয়েও সংশ্লিষ্ট কমিটি তাদেরকে নির্দেশনা প্রদান করবেন। **সদস্য (অর্থ)** এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।

(খ) লাভজনক হওয়ার সম্ভাবনা রয়েছে এমন ৪টি সমিতি যাতে স্বল্পতম সময়ের মধ্যে লাভজনক পর্যায়ে পৌছাতে পারে সে লক্ষ্যে উক্ত সমিতিসমূহের আওতাধীন বড় বড় শিল্প গ্রাহকদের সঙ্গে কথা বলে তাদের বিদ্যুৎ ব্যবহার বাড়ানোর বিষয়ে উৎসাহিত করতে হবে। **পরিচালক, আর্থিক মনিটরিং (উঃঅঃ) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(গ) সমিতির ইউনিট প্রতি পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় হ্রাস পাওয়ার ক্ষেত্রে যে সকল বিষয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে তা চিহ্নিতকরণের লক্ষ্যে **পরিচালক, আর্থিক মনিটরিং (উঃঅঃ)** পরিদপ্তর ৮০টি সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারগণের সাথে আলোচনাপূর্বক বিষয়টি পর্যালোচনা করবেন এবং অগ্রগতি প্রতিবেদন বাপবিবোর্ড কর্তৃক গঠিত মুজিববর্ষ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটির আগামী সভায় উপস্থাপন

করবেন। পাশাপাশি সমিতিসমূহ যাতে উক্ত ব্যয় হ্রাসের ধারা অব্যাহত রাখতে পারে সে বিষয়টিও মনিটরিং করবেন। **সদস্য (অর্থ)** এবং **পরিচালক, আর্থিক মনিটরিং (উঃঅঃ) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(ঘ) একইসাথে সমিতির আয় বৃদ্ধি এবং ব্যয় হ্রাসকরণ সংক্রান্ত বিষয়ে মনিটরিং এর জন্য বাপবিবো কর্তৃক গঠিত যে দুটি টাস্কফোর্স বিদ্যমান রয়েছে উক্ত টাস্কফোর্সদ্বয়ও তাদের মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখবেন।

**সদস্য (অর্থ), নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) এবং পরিচালক, আর্থিক মনিটরিং (উঃঅঃ) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**(৯) <u>সিস্টেম লস হ্রাসকরণের নিমিত্ত গঠিত উপ-কমিটিঃ</u>**

সিস্টেম লস হ্রাসকরণের নিমিত্ত গঠিত উপ-কমিটির সদস্য সচিব কার্যপরিধির বিপরীতে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় উপস্থাপন করলে এতদবিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

(ক) ২০২০-২০২১ অর্থ বছরের মার্চ' ২১ মাসে সিস্টেম লস বেড়ে ১৫.২৮% হয়েছে যা গত বছরের একই সময়ের তুলনায় ০.৪৭% বেশি, যা সন্তোষজনক নয়। এছাড়াও বাপবিবো/সমিতির এপিএ টার্গেট অর্জনের লক্ষ্যে আগামী ০৩ মাস সিস্টেম লস ১২% এর কম রাখতে হবে, যা বর্তমান প্রেক্ষাপটে একটি চ্যালেঞ্জ। এ প্রেক্ষাপটে বাপবিবো এর ইঞ্জিনিয়ারিং/ম্যানেজমেন্ট/ফাইন্যান্স বিভাগসহ ৮০টি সমিতির সিস্টেম লস মনিটরিং এর জন্য গঠিত ৩১টি কমিটি কর্তৃক সিস্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জন/কাঙ্খিত পর্যায়ে হ্রাসকরণের লক্ষ্যে জোরালো ভূমিকা পালন করতে হবে।

(খ) সিস্টেম লস হ্রাসকরণসহ এ সংক্রান্ত অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে ২৪/০৪/২০২১খ্রিঃ তারিখ বেলা ১০:০০ ঘটিকায় চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে **সদস্য (বিতরণ ও পরিচালন)** ভার্চুয়াল মাধ্যমে একটি সভা আহ্বান করবেন। ৮০টি সমিতির সিস্টেম লস মনিটরিং এর জন্য গঠিত ৩১টি কমিটি, ৮০টি সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারগণ, পরিচালক, সিস্টেম অপারেশনসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করবেন।

**সদস্য (বিতরণ ও পরিচালন), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), নির্বাহী পরিচালক, প্রধান প্রকৌশলী (পওপ), পরিচালক (সিস্টেম অপারেশন), পরিচালক, আর্থিক মনিটরিং (উঃঅঃ) এবং পরিচালক (এনার্জি অডিট এন্ড ট্যারিফ) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**(১০) <u>বাপবিবোর আওতায় গৃহীতব্য নতুন প্রকল্প গ্রহণ ও প্রকল্পের অর্থায়ন সংক্রান্ত উপ-কমিটিঃ</u>**

বাপবিবোর আওতায় গৃহীতব্য নতুন প্রকল্প গ্রহণ ও প্রকল্পের অর্থায়ন সংক্রান্ত উপ-কমিটির সদস্য সচিব কার্যপরিধির বিপরীতে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন"** কমিটির সভায় উপস্থাপন করলে এতদবিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

(ক) যে সকল প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ শেষ পর্যায়ে রয়েছে তা অতিসত্বর সম্পন্ন করতঃ আগামী ২৯/০৪/২০২১ তারিখের মধ্যে অনুমোদন গ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এছাড়াও অনুমোদনের অপেক্ষায় থাকা প্রকল্পসমূহ যাতে স্বল্পতম সময়ের মধ্যে অনুমোদন লাভ করে সে বিষয়েও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(খ) Kfw এর আর্থিক সহায়তায় গৃহীতব্য বাপবিবোর্ডের বিদ্যমান ৩৩/১১ কেভি পোল মাউন্টেন্ট উপকেন্দ্রের নবায়ন ও আধুনিকায়ন পর্যায়-১ শীর্ষক প্রকল্পের DPP FICTHNER এর সম্ভাব্যতা সমীক্ষার আলোকে অর্থাৎ প্রকল্প যাচাই কমিটির সভায় উপস্থাপিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত ২৩টি উপকেন্দ্র ও এর প্রাক্কলন অনুযায়ী DPP পুর্নগঠন করতে হবে।

(গ) ঢাকা পবিস-৪ এর আন্ডারগ্রাউন্ড ক্যাবলিং নেটওয়ার্ক নির্মাণ শীর্ষক প্রকল্পের DPP চূড়ান্তকরণের লক্ষ্যে সিডি-ভ্যাট এর বিষয়টি সিএসএন্ডএম পরিদপ্তর চূড়ান্ত করবে। এছাড়াও ক্যাবল ও ট্রান্সফরমার এর বিষয়ে আলোচনার জন্য পরামর্শক প্রতিষ্ঠানের সাথে জুম এর মাধ্যমে সভা আহ্বান করতে হবে। বর্ণিত প্রকল্পের জন্য যে সকল আইটেম দেশে পাওয়া যায় সেগুলোর নাম ও দর নির্ধারণপূর্বক **পরিচালক (এমপিএসএস)** অতিসত্বর কার্যক্রম পরিকল্পনাকে অবহিত করবেন। এছাড়াও এ সংক্রান্ত বিষয়ে **পরিচালক (এমপিএসএস)** প্রয়োজনে ডিপিডিসি ও ডেসকোর নিকট হতে তথ্য সংগ্রহপূর্বক আগামী ২৬/০৪/২০২১খ্রিঃ তারিখের মধ্যে প্রাক্কলন নির্ধারণ করবেন। আগামী ২৯/০৪/২০২১ তারিখে চূড়ান্ত পুনর্গঠিত ডিপিপি সভায় উপস্থাপন করতে হবে।

চলমান পাতা-০৬

(ঘ) বিদ্যমান উপকেন্দ্রসমূহের ক্ষমতাবর্ধনের জন্য আউটডোর টাইপ উপকেন্দ্রকে ইনডোর টাইপ উপকেন্দ্র-এ রূপান্তর করতে হবে। GIS উপকেন্দ্র এর পরিবর্তে AIS উপকেন্দ্র নির্মাণ করতে হবে অর্থাৎ বিদ্যমান প্রস্তাবিত ক্ষমতাবর্ধন উপকেন্দ্রসমূহ Indoor type (AIS) উপকেন্দ্র-এ রূপান্তর করতে হবে।

(ঙ) "পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের আওতায় ৩১ লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন" শীর্ষক প্রকল্পের জন্য বাপবিবো কর্তৃক নিয়োগকৃত IIFC (Infrastructure Investment Facilitation Company) এর মাধ্যমে বর্ণিত প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করতে হবে এবং এর পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে সম্ভাব্যতা সমীক্ষার TOR এসইএন্ডডি পরিদপ্তর চূড়ান্ত করবে।

(চ) "পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের আওতায় ৫ লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন ও মিটার যোগাযোগের ব্যবস্থা স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপি পুন:গঠনে আইসিটি পরিদপ্তর এ সংক্রান্ত প্রশিক্ষণ ও ৫ লক্ষ মিটারের জন্য DC/DR এর প্রাক্কলন ব্যয় দ্রুত সরবরাহ করবে এবং আগামী ০৬/০৫/২০২১ তারিখে চূড়ান্ত পুনর্গঠিত ডিপিপি সভায় উপস্থাপন করতে হবে।

(ছ) SCADA প্রকল্প গ্রহণের বিষয়ে এমপিএসএস পরিদপ্তরের সাথে আলোচনা/পর্যালোচনার মাধ্যমে DPP প্রণয়ন করতে হবে।

(জ) ঢাকা-ময়মনসিংহ, রাজশাহী-রংপুর বিভাগে নতুন প্রকল্প প্রণয়নের বিষয়ে **পরিচালক (কার্যক্রম পরিকল্পনা)** আগামী ২৭/০৪/২০২১খ্রিঃ তারিখের মধ্যে AIIB এর সঙ্গে একটি সভা আহ্বান করবেন।

(ঝ) পবিসসমূহের নির্মিত বৈদ্যুতিক লাইনের নিচে জনগন কর্তৃক বাড়ি নির্মাণ করায় বৈদ্যুতিক লাইন স্থানান্তর (Shifting) এর জন্য নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে **প্রধান প্রকৌশলী (পওপ)** অতিসত্বর প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।

**সদস্য (বিতরণ ও পরিচালন), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), সদস্য (সমিতি ব্যবস্থাপনা), প্রধান প্রকৌশলী (পওপ), নির্বাহী পরিচালক, পরিচালক (এমপিএসএস) এবং পরিচালক (কার্যক্রম পরিকল্পনা) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

**এছাড়াও বর্ণিত ১১টি উপ-কমিটির আহবায়কগণ কর্তৃক নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ**

(ক) উপ-কমিটির কার্যপরিধি অনুযায়ী প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সভা করে সভার কার্যবিবরণী **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির"** সদস্য-সচিব বরাবর প্রেরণ করবেন। অতঃপর **"কেন্দ্রীয় কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির" সদস্য-সচিব** সকল উপ-কমিটির কার্যবিবরণীর আলোকে ১৫ তারিখের মধ্যে সভা আহ্বান করবেন।

(খ) উপ-কমিটি তাদের সর্বশেষ অগ্রগতি/বাস্তবায়ন প্রতিবেদন টেবুলেটেড ফর্মে উপস্থাপন করবেন। এছাড়াও উপ-কমিটির কার্যপরিধি এবং এর অগ্রগতি/বাস্তবায়ন শতকরা হারে (%) উপস্থাপন করবেন।

(গ) উপ-কমিটি তাদের কাজের সর্বশেষ অগ্রগতি/বাস্তবায়ন আইসিটি পরিদপ্তরকে প্রদান করবেন। আইসিটি পরিদপ্তর নিয়মিত ওয়েবসাইটে তা প্রকাশ করবেন এবং তথ্য হালনাগাদ করবেন।

**সদস্য (প্রশাসন), সদস্য (অর্থ), সদস্য (বিতরণ ও পরিচালন), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), সদস্য (সমিতি ব্যবস্থাপনা), নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), প্রধান প্রকৌশলী (প্রকল্প), প্রধান প্রকৌশলী (পওপ), নির্বাহী পরিচালক, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ/উঃঅঃ/দঃঅঃ/পূঃঅঃ/পঃঅঃ), পরিচালক (কার্যক্রম পরিকল্পনা), পরিচালক, আর্থিক মনিটরিং (উঃঅঃ), পরিচালক (এমপিএসএস), পরিচালক (এসইএন্ডডি), পরিচালক (সিএসএন্ডএম), পরিচালক (সিস্টেম অপারেশন), পরিচালক (প্রশিক্ষণ), পরিচালক (এনার্জি অডিট এন্ড ট্যারিফ), পরিচালক (জনসংযোগ), পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক), প্রকল্প পরিচালক (১.৫ এমসিসিপি), সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি), পরিচালক (কারিগরী), প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর, প্রকল্প পরিচালক (গ্রামীন জীবনমান উন্নয়নে বিদ্যুৎ শক্তি প্রকল্প) এবং প্রকল্প পরিচালক (সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ প্রকল্প) এতদবিষয়ে স্ব-স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

২৭/৪/২০২১

(মোঃ আসাফউদ্দৌলা)
সচিব
বাপবিবো, ঢাকা।

চলমান পাতা-০৭

<u>**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ সহকারে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**</u>

১। সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
২। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ), বাপবিবো, ঢাকা।
৪। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিচালন, রক্ষণাবেক্ষণ ও বিতরণ/পরিকল্পনা ও ডিজাইন), বাপবিবো, ঢাকা।
৬। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ/উঃঅঃ/দঃঅঃ)/প্রশিক্ষণ/এসইএন্ডডি/সিএসএন্ডএম/এমপিএসএস/সিস্টেম অপারেশন/সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক, ১৫ লক্ষ গ্রাহক সংযোগ/গ্রামীন জীবনমান উন্নয়নে বিদ্যুৎ শক্তি/সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ প্রকল্প প্রকল্প, বাপবিবোর্ড, ঢাকা।
৮। জনাব মোঃ হোসেন পাটোয়ারী, পরিচালক, আর্থিক মনিটরিং (উঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
৯। জনাব মোঃ মুকুল হোসেন, পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
১০। সৈয়দ মাহবুবুর রহমান, পরিচালক, কার্যক্রম পরিকল্পনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
১১। জনাব কে এম নঈম খান, পরিচালক, এনার্জি অডিট এন্ড ট্যারিফ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
১২। জনাব মোঃ আনোয়ার হোসেন, পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
১৩। জনাব ফকির শরীফ উদ্দিন আহমেদ, পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পূঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
১৪। জনাব মোহাঃ ফাহিম উদ্দিন, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
১৫। জনাব মোঃ আব্দুল আজিজ, পরিচালক (কারিগরি), প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
১৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
১৭। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।

২৭/০৪/২১

(রোজিনা আক্তার সাথী)
উপ-সচিব (পলিসি)